তারিখ ... 23 FEB 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

# বাকৃবির সপ্তম সমাবর্তন আজ

■ বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) সপ্তম সমাবর্তন আজ মঙ্গলবার। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে অনুষ্ঠান শুরু হবে। সমাবর্তন উপলক্ষে বর্ণিল সাজে সাজানো হয়েছে ক্যাম্পাস।

বাকৃবি সূত্রে জানা গেছে, সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। স্বাগত বক্তব্য রাখবেন উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। সমাবর্তন বক্তা শিক্ষাবিদ ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। এ ছাড়া অতিথি হিসেবে বক্তব্য দেবেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। জনসংযোগ ও প্রকাশনা দপ্তর সূত্রে জানা যায়, সমাবর্তনে ১৯১৯ জন শিক্ষার্থীকে স্নাতক এবং ২৮৫১ শিক্ষার্থীকে স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হবে। পিএইচডি ডিগ্রি প্রদান করা হবে ৩৮ শিক্ষার্থীকে। স্নাতকে ৭ জন ও স্নাতকোত্তরে ৮৬ জন শিক্ষার্থী স্বর্ণপদক পাবেন।

এদিকে সমাবর্তনকে কেন্দ্র করে ক্যাম্পাস বর্ণিল সাজে সেজেছে। বিভিন্ন ভবনে আলোকায়নের ব্যবস্থা করা হয়েছে। গত রোববার সমাবর্তনের গাউন ও টুপি গ্র্যাজুয়েটদের মাঝে সরবরাহ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ও সমাবর্তন কমিটির সদস্য সচিব কৃষিবিদ মো. ছাইফুল ইসলাম সাংবাদিকদের বলেন, সমাবর্তন সুষ্ঠু করতে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সমাবর্তন শোভাযাত্রার মহড়াসহ অন্যান্য বিষয়গুলোর প্রস্তুতি চলছে।

এ ব্যাপারে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর বলেন, বিভিন্ন প্রতিকূলতা পেরিয়ে সমাবর্তন আয়োজন করতে পেরে আনন্দবোধ করছি। তিনি আশা করেন আগামীর দিনগুলোতেও দেশের কৃষি উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে এ বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটরা অগ্রণী ভূমিকা পালন করবে।